

■■ হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ আলিমুল গাইব ও হাযির-নাযির প্রসঙ্গ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪০. রাস্লুল্লাহ ্ৠ ্র_এর ইলমুল গাইবের অধিকারী হওয়া

আব্দুল হাই লাখনবী বলেন: প্রচলিত আরেকটি জাল ও মিথ্যা কথা:

إِنَّ النَّبِيَّ ﷺ أُعْطِيَ عِلْمَ الأَوَّلِيْنَ وَالآخِرِيْنَ مُفَصَّلاً وَوُهِبَ لَهُ عِلْمُ كُلِّ مَا مَضَى وَمَا يَأْتِيْ كُلِيًّا وَجُزْئيًّا وَأَنَّهُ لاَ فَرْقَ بَيْنَ عِلْمُ اللهِ أَزَلِيٌّ أَبَدِيُّ بِنَفْسِ ذَاتِهِ فَرْقَ بَيْنَهُمَا أَنَّ عِلْمَ اللهِ أَزَلِيُّ أَبَدِيُّ بِنَفْسِ ذَاتِهِ بِدُوْنِ تَعْلِيْم خَيْرِهِ بِخِلاَف عِلْم الرَّسُوْلِ فَإِنَّهُ حَصَلَ لَهُ بِتَعْلِيْم رَبِّهِ

"রাসূলুল্লাহ (ৠৄৄৄৣ) সৃষ্টির শুরু থেকে শেষ পর্যন্ত সকলের ও সকল কিছুর বিস্তারিত জ্ঞান প্রদত্ত হয়েছিলেন। যা কিছু অতীত হয়েছে এবং যা কিছু ভবিষ্যতে ঘটবে সবকিছুরই বিস্তারিত ও খুঁটিনাটি জ্ঞান তাঁকে দেয়া হয়েছিল। ব্যাপকতায় ও গভীরতায় রাসূলুল্লাহর জ্ঞান ও তাঁর প্রতিপালক মহান আল্লাহর জ্ঞানের মধ্যে কোনো পার্থক্য নেই। শুধুমাত্র পার্থক্য হলো, আল্লাহর জ্ঞান অনাদি ও স্বয়ংজ্ঞাত, কেউ তাঁকে শেখান নি। পক্ষান্তরে রাসূলুল্লাহর জ্ঞান অর্জিত হয়েছে তাঁর প্রভুর শেখানোর মাধ্যমে।"

আল্লামা লাখনবী বলেন: এগুলো সবই সুন্দর করে সাজানো মিথ্যা ও বানোয়াট কথা। ইবনু হাজার মাক্কী তার 'আল-মিনাহুল মাক্কিয়াহ' গ্রন্থে ও অন্যান্য প্রাজ্ঞ আলিম সুস্পষ্টভাবে উল্লেখ করেছেন যে, এ কথাগুলো ভিত্তিহীন ও মিথ্যা। কুরআনের বিভিন্ন আয়াত ও বিভিন্ন হাদীস দ্বারা প্রমাণিত যে, সামগ্রিক ও ব্যাপক জ্ঞানের অধিকারী একমাত্র আল্লাহ। একমাত্র তিনিই সকল অদৃশ্য জ্ঞানের অধিকারী বা আলিমুল গাইব। এ জ্ঞান একমাত্র তাঁরই বিশেষত্ব ও তাঁরই গুণ। আল্লাহর পক্ষ থেকে অন্য কাউকে এ গুণ প্রদান করা হয় নি। হ্যাঁ, আমাদের নবী (المالة) এর জ্ঞান অন্য সকল নবী-রাসূলের (আঃ) জ্ঞানের চেয়ে বেশি। গাইবী বা অতিন্দিয় বিষয়াদি সম্পর্কে তাঁর প্রতিপালক অন্যান্য সবাইকে যা শিক্ষা দিয়েছেন তার চেয়ে অধিকতর ও পূর্ণতর শিক্ষা দিয়েছেন তাঁকে। তিনি জ্ঞান ও কর্মে পূর্ণতম এবং সম্মান ও মর্যাদায় সকল সৃষ্টির নেতা।

মোল্লা আলী কারীও অনুরূপ কথা বলেছেন।

ফুটনোট

- [1] আব্দুল হাই লাখনবী, আল-আসার, পৃ. ৩৮।
- [2] মোল্লা কারী, আল-আসরার, পৃ. ৩২৩-৩২৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4833



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন